

ভূগোল

আজকের বিষয়

শিলা : প্রকার ও তার বৈশিষ্ট্য

(তৃতীয় ভাগ)

১) রূপান্তরিত শিলা কিভাবে গঠিত হয়?

✓ কঠিন আগ্নেয়শিলা বা অপেক্ষাকৃত কোমল পাললিক শিলা অত্যাধিক চাপ, প্রচলিত তাপ ও রাসায়নিক ক্রিয়ার ফলে ধীরে ধীরে পরিবর্তিত হয়ে এক নতুন কেলাসিত শিলার রূপ নেয় একে রূপান্তরিত শিলা বলে। যেমন, শ্লেট, মার্বেল ও নিস।

২) প্রায় কয়টি প্রক্রিয়ার মাধ্যমে অন্যান্য শিলা রূপান্তরিত শিলায় পরিণত হয়?

✓ দুইটি প্রক্রিয়ায়। ক) ব্যাপক রূপান্তর খ) স্পর্শ রূপান্তর বা তাপ রূপান্তর।

৩) ব্যাপক রূপান্তর বলতে কি বোঝায়?

✓ গিরিজনী আলোড়নের সময় প্রচণ্ড চাপ ও তাপের ফলে শিলার আকার ও গঠন পরিবর্তিত হয়। একে রূপান্তরিত শিলার গঠনের ক্ষেত্রে ব্যাপক রূপান্তর বলা হয়। যেমন, গ্রানাইট পরিবর্তিত হয়ে নিস,

৪) স্পর্শ রূপান্তর ও তাপ রূপান্তর বলতে কি বোঝায়?

✓ কোন কোন সময় উত্তপ্ত উদ্বেগী শিলার সংস্পর্শে এসে কোনো কোনো শিলা অত্যাধিক তাপের ফলে পরিবর্তিত হয়ে রূপান্তরিত শিলায় পরিণত হয়। এই পরিবর্তন কে রূপান্তরিত শিলা গঠনের স্পর্শ রূপান্তর ও তাপ রূপান্তর বলা হয়। যেমন, চুনাপাথর থেকে মার্বেল এ পরিণত হওয়া।

৫) রূপান্তরিত শিলার বৈশিষ্ট্য গুলি উল্লেখ কর?

✓ ক) রূপান্তরিত শিলা আগ্নেয়শিলা ও পাললিক শিলা অপেক্ষা বেশি কঠিন।

খ) এই শিলায় জীবাশ্ম থাকে না।

গ) এই শিলায় খনিজ দ্রব্যের পরিমাণ অন্যান্য শিলার তুলনায় বেশি থাকে।

ঘ) এই শিলায় দেখা যায় সূক্ষ্ম খনিজের স্তর (foliation)।

৬) রূপান্তরিত শিলা কি কি কাজে ব্যবহার করা হয়?

✓ ক) অলংকার নির্মাণে

খ) সৌধ নির্মাণে

গ) বাড়ির ছাদ ও স্লেট তৈরিতে রূপান্তরিত শিলা ব্যবহৃত হয়।

৭) আগ্নেয়শিলা থেকে রূপান্তরিত শিলার কয়েকটি উদাহরণ দাও?

✓ ক) গ্রানাইট – নিস্ বা সিস্ট্

খ) ব্যাসাল্ট – অ্যান্ফিবোলাইট

গ) অগাইট – হর্নব্লেন্ড

৮) পাললিক শিলা থেকে রূপান্তরিত শিলা পরিনত হওয়ার কয়েকটি উদাহরণ দাও?

✓ ক) বেলেপাথর – কোয়ার্টজাইট

খ) কয়লা – গ্রাফাইট

গ) কাদাপাথর – শ্লেট

ঘ) চুনাপাথর – মার্বেল

৯) কোন শিলা দিয়ে দিল্লির লালকেন্দ্ৰা তৈরি হয়েছে?

✓ লাল বেলেপাথর

১০) তাজমহল কোন শিলা দিয়ে তৈরি?

✓ শ্বেত মার্বেল পাথর

১১) শিলাচক্র (Rock cycle) কি?

✓ এক শিলা থেকে অন্য শিলায় রূপান্তর হওয়াকে

শিলাচক্র ও **Rock Cycle** বলা হয়।

সমাপ্ত

ধন্যবাদ

